

ইইস্লোয়ার পলিসি (নীতি)

১. দর্শন

আইটিসি লিমিটেড ('সংস্থা') বিশ্বাস করে যে সংস্থার প্রতিটি কর্মচারী এবং সংস্থার ডিরেক্টর স্টেকহোল্ডারদের একজন বিশ্বস্ত অছি (ট্রাস্টি) এবং তিনি সর্বদা পেশাদার, দায়বদ্ধ এবং নৈতিক ভাবে নিজের কাজ করবেন।

২. উদ্দেশ্য এবং লক্ষ্য

এই নীতি ('the Policy') অনুযায়ী, সংস্থার পরিচালক এবং কর্মচারীরা, যে কোনোও অবৈধ বা অনৈতিক আচরণের ঘটনা, জালিয়াতির প্রকৃত বা সন্দেহভাজন ঘটনা, সংস্থার আর্থিক অখণ্ডতার উপর প্রভাব ফেলে এমন ক্রিয়াকলাপ, তথ্য ফাঁস বা অপ্রকাশিত মূল্য সংক্রান্ত তথ্য (UPSI) ফাঁস হওয়ার সন্দেহজনক উদাহরণ, যা সংস্থার (প্রকৃত বা সন্দেহভাজন) যা কিনা সংস্থার মূল্যায়নের প্রতি প্রভাব বিস্তার করতে পারে পরিচালনা, ব্যবসায়ের কার্যকারিতা এবং বা খ্যাতিতে বিরূপ প্রভাব ফেলতে পারে – অবিলম্বে সংস্থার নজরে আনবেন। সংস্থাটি এই ধরনের ঘটনাগুলির খোঁজ পেলে, নিরপেক্ষ পদ্ধতিতে তদন্ত করবে এবং পেশাদার এবং নৈতিক আচরণের মানদণ্ড সর্বদা বজায় রাখতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৩. উদ্দেশ্য

সংস্থার প্রচেষ্টা –

- ক) এমন একটি পরিবেশ সৃষ্টি করা, যেখানে কোম্পানির প্রতিটি ডিরেক্টর এবং কর্মচারী এই নীতিমালার আওতাধীন ঘটনাগুলির বিষয়ে নির্দিষ্ট জানাতে পারেন
- খ) এ জাতীয় রিপোর্ট হওয়া ঘটনাগুলি সুষ্ঠুভাবে তদন্ত করা
- গ) দোষী কর্মচারী(দের)–এর বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা
- ঘ) সংস্থার নজরে এ জাতীয় ঘটনা আনার জন্য কোনও অভিযোগকারীর নির্যাতন বা হয়রানির শিকার না হওয়া নিশ্চিত করা

এই নীতিটির ব্যবহার ও প্রয়োগ অডিট কমিটি তদারকি করবে।

৪. খবর দেওয়ার (খোঁজ দেওয়ার) পদ্ধতি

ক) অভিযোগকারীদের সংস্থার বিভিন্ন ঘটনাগুলিকে সংস্থার নজরে আনতে উৎসাহিত করা হচ্ছে, যেমন :

১. অবৈধ বা অনৈতিক আচরণ যা বিনিয়োগকারী, শেয়ারহোল্ডার, গ্রাহক, সরবরাহকারী, অন্যান্য কর্মচারী, বা ব্যবসায়ের কার্য সম্পাদন বা সংস্থার ভাবমূর্তি বা খ্যাতিকে বিরূপভাবে প্রভাবিত করে।

২. জালিয়াতির প্রকৃত বা সন্দেহজনক ঘটনা
 ৩. সংস্থার আর্থিক অখণ্ডতাকে প্রভাবিত করতে পারে এই জাতীয় ঘটনা
 ৪. সংস্থার সার্বিক স্বার্থ বিরোধী কোনও কাজ
 ৫. সংস্থার গোপনীয় বা মালিকানা সম্পর্কিত তথ্য ফাঁস এবং
 ৬. সংস্থার সাথে সম্পর্কিত ইউপিএসআই (UPSI) ফাঁসের প্রকৃত বা সন্দেহজনক উদাহরণ।
- খ) অভিযোগকারী হুইস্‌লব্লোয়ার কমপ্লেইন্ট কমিটি (Whistleblower Complaints Committee)-এর কাছে নীচে অনুচ্ছেদ ৫ (ক)-এর অধীনে বর্ণিত লিখিতভাবে অভিযোগ পাঠাতে পারেন, (i) whistleblowing@itc.in-এ একটি ইমেল প্রেরণ করে বা (ii) সিল করে একটি চিঠি পাঠিয়ে একটি খামে (যা স্পষ্টভাবে ‘গোপনীয়’ বলে উল্লিখিত হবে), নিম্নলিখিত ঠিকানাগুলির মধ্যে একটিতে -

আইটিসি লিমিটেড পোস্ট অফিস বক্স নম্বর ৯২৭৫ কলকাতা - ৭০০০৭১	আইটিসি লিমিটেড ৩৭, জহরলাল নেহেরু রোড কলকাতা - ৭০০০৭১
---	--

ইউপিএসআই (UPSI) ফাঁসের কোনও প্রকৃত বা সন্দেহজনক ঘটনার বিষয়ে করা অভিযোগের অনুলিপি সংস্থার সচিব এবং প্রধান আর্থিক কর্মকর্তার কাছে প্রেরণ করতে হবে।

- গ) যদি কোনও অভিযোগ এরকম হয় যে, তা পরিচালকগণ, সিনিয়র ম্যানেজমেন্ট এবং হুইস্‌লব্লোয়ার কমিটির সদস্যদের বিরুদ্ধে, সেই ক্ষেত্রে অভিযোগ, অডিট কমিটির চেয়ারম্যানের কাছে সরাসরি প্রেরণ করতে হবে এবং তার অনুলিপি দিতে হবে সংস্থার চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টরকে।
- ঘ) বেনামে অভিযোগ না করাই ভালো। তবে, নির্দিষ্ট অভিযোগের সঙ্গে যাচাইযোগ্য তথ্য এবং প্রমাণ দাখিল করলে এই ধরনের অভিযোগ খতিয়ে দেখা হবে।
- ঙ) দুর্বুদ্ধিপূর্ণ, বিশ্বাসযোগ্যতাবিহীন, তির্যক বা ক্ষুদ্র উদ্দেশ্যের লক্ষ্য করা এবং/অথবা প্রমাণবিহীন অভিযোগগুলি এই নীতিমালার আওতায় আসে না।
- চ) কার্যকরী তদন্তের সুবিধার্থে অভিযোগটি প্রমাণের দলিল সহ দাখিল করা উচিত এবং ঘটনার সমস্ত প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করা উচিত যার মধ্যে থাকতে হবে :
 ১. অন্যান্য বিবরণসহ ঘটনার প্রকৃতি, সময়কাল এবং ঘটনাস্থল এবং নির্দিষ্ট ব্যবসায় ঠিকানার উল্লেখ যেখানে এই জাতীয় ঘটনা ঘটেছে, এবং
 ২. ঘটনার সাথে জড়িত বলে সন্দেহ করা ব্যক্তি(গণ)-এর পরিচয়।

ছ) তদন্তের সুবিধার্থে, ঘটনা জানামাত্র, সম্ভব হলে ৩০ দিনের মধ্যেই, অভিযোগকারীদের ঘটনাটি সম্পর্কে জানাতে নির্দেশ দেওয়া হচ্ছে।

৫. তদন্ত

ক) নির্ধারিত ইমেল ঠিকানায় ই-মেইলের মাধ্যমে জমা দেওয়া অভিযোগগুলি স্বয়ংক্রিয়ভাবে কর্পোরেট মানব সম্পদ বিভাগের প্রধান, জেনারেল কাউন্সেল এবং কোম্পানির ইন্টারনাল অডিট বিভাগের প্রধানের সমন্বয়ে নির্মিত হুইস্লেব্লোয়ার কমপ্লেইন্ট কমিটির কাছে পৌঁছে যাবে।

খ) এই নীতিমালার আওতায় অভিযোগ প্রাপ্তির পরে, হুইস্লেব্লোয়ার কমপ্লেইন্ট কমিটি সেটির পর্যালোচনা করবে এবং অভিযোগটি গুরুতর ও বিশ্বাসযোগ্য বলে প্রমাণিত হলে কমিটি সেই অভিযোগের তদন্ত করবে।

তদন্ত পরিচালনার উদ্দেশ্যে, হুইস্লেব্লোয়ার কমপ্লেইন্ট কমিটির অনুমোদন রয়েছে :

১. যে কোনও কর্মীর কাছে ঘটনার প্রয়োজনীয় তথ্য অনুসন্ধান করার, যিনি কমিটির অনুরূপ অনুরোধে সহযোগিতা করবেন
২. তদন্ত পরিচালনার জন্য প্রয়োজন অনুযায়ী যে কোনোও কর্মীর কাছ থেকে সহায়তা চাইতে হবে
৩. প্রয়োজনীয় মনে হলে, বাইরে থেকে আইনী বা অন্যান্য স্বতন্ত্র পেশাদার পরামর্শ এবং প্রাসঙ্গিক অভিজ্ঞতা এবং দক্ষতার সম্পন্ন বাইরের লোকের উপস্থিত করা
৪. প্রয়োজন অনুযায়ী এ জাতীয় নথি এবং উপস্থাপনের দাবী করা

গ) অভিযোগের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের বিষয়ে হুইস্লেব্লোয়ার কমপ্লেইন্ট কমিটির সুপারিশসহ তদন্তের রিপোর্ট সংস্থার কর্পোরেট ম্যানেজমেন্ট কমিটির (CMC) কাছে উপস্থাপন করা হবে।

ঘ) তদন্তের প্রতিবেদন এবং হুইস্লেব্লোয়ার কমপ্লেইন্ট কমিটির সুপারিশ প্রাপ্তির পরে, CMC প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেবে এবং এই বিষয়ে অডিট কমিটির কাছে একটি প্রতিবেদন জমা দেবে।

ঙ) অভিযোগকারীর পরিচয় সহ, তদন্ত চলাকালীন উদঘাটিত তথ্য, শুধুমাত্র তদন্তের প্রয়োজনে বা আইনি কাজের প্রয়োজনে প্রকাশ করা ব্যতীত, গোপনীয় রাখা উচিত।

চ) অডিট কমিটির নির্দেশনা অনুযায়ী পরিচালক, সিনিয়র ম্যানেজমেন্ট এবং হুইস্লেব্লোয়ার কমপ্লেইন্ট কমিটির সদস্যদের করা বা বিরুদ্ধে আসা অভিযোগ তদন্ত করা হবে।

ছ) ইউপিএসআই (UPSI) ফাঁসের কোনও প্রকৃত বা সন্দেহজনক অভিযোগের তদন্ত, সংস্থার তরফে এই অন্যান্যের জন্য নির্দিষ্ট নীতিমালা অনুসারে করা হবে।

জ) যে ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ করা হবে, তিনি এই অভিযোগের সাথে সম্পর্কিত যে কোনও তদন্ত বা রিপোর্টিংয়ের কাজ থেকে নিজেকে বিরত রাখবেন।

৬. প্রতিশোধমূলক ব্যবহার

ক) এই নীতিটি প্রকৃত সমস্যাগুলিকে তুলে ধরতে উৎসাহ এবং সুবিধা যোগায়। এই নীতিমালার অধীনে কোনোও ঘটনার বিষয়ে অভিযোগ জানালে, কোনও অভিযোগকারী তার ফলস্বরূপ কোনও হয়রানি, প্রতিশোধ গ্রহণ বা প্রতিকূল কর্মসংস্থানের শিকার হবে না।

খ) কোনো অভিযোগকারীর সঙ্গে কোনো কর্মচারী যদি প্রতিশোধমূলক ব্যবহার করেন, তাহলে তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক কার্যধারা প্রয়োগ হবে, যা চাকুরী অবসান অবধি যেতে পারে।

গ) যদি কোনও অভিযোগকারী কোনও সত্য অন্যান্য ঘটনা জানানোর জন্য নির্যাতিত হন বা হয়রান হন, তবে তিনি সেই সমস্যা সমাধানের জন্য হুইস্বেল্লোয়ার কমপ্লেইন্ট কমিটির কাছে আবেদন করতে পারবেন। হুইস্বেল্লোয়ার কমপ্লেইন্ট কমিটির অভিযোগকারীর অভিযোগের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। তবে, অভিযোগকারী যদি মনে করেন যে তার অভিযোগের সমাধান করা হয়নি, তবে তিনি প্রয়োজন অনুসারে লাইন ডিরেক্টর লাইন সিএমসি সদস্যের সঙ্গে যোগাযোগ করতে পারেন, এবং সেখানে ব্যর্থ হলে সংস্থার চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টরের কাছে যেতে পারেন। ব্যতিক্রমী ক্ষেত্রে অডিট কমিটির চেয়ারম্যানের সঙ্গে সরাসরি যোগাযোগের ব্যবস্থা করা হবে।

৭. নিশ্চয়তার সঙ্গে অভিযোগ করতে হবে

ক) অভিযোগকারীর কাছে অবশ্যই তাঁর অভিযোগ বিষয়ে যুক্তিযুক্ত ভিত্তি থাকতে হবে এবং অভিযোগ এই নীতিমালার পরিধির মধ্যে হতে হবে।

খ) এই নীতিটি মিথ্যা বা উদ্দেশ্যপ্রণোদিত অভিযোগ করার জন্য উপায় হিসাবে ব্যবহার করা হবে না।

গ) যদি কোনোও ব্যক্তি ভিত্তিহীন, বেপরোয়া, অন্যান্য বা ইচ্ছাকৃতভাবে মিথ্যা অভিযোগ করেছেন বলে প্রমাণিত হবেন, সেক্ষেত্রে সংস্থার অভ্যন্তরীণ ব্যবহার বিধি সাপেক্ষে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে (যা কিনা কার্যক্ষেত্র থেকে বরকাস্তও হতে পারে।

৮. প্রযোজ্যতা

এই নীতিটি ২০২০ সালের ১লা জুলাই থেকে কার্যকর হবে এবং প্রয়োজন অনুসারে পর্যালোচনা করা হবে।